



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধান কার্যালয়
"বরেন্দ্র ভবন", রাজশাহী-৬০০০।

☎ ০৭২১-৭৬১৩৬৮, ৭৬০৭৮৬
ফ্যাক্স : ৮৮-০৭২১-৭৬১৮৯৭
ই-মেইল : bmdahq@bmda.gov.bd
ওয়েবসাইট : www.bmda.gov.bd



কৃষিই সমৃদ্ধি

নম্বর-বিএমডিএ/নিপঃ/প্রশাঃ/ব্যঃ নথি/৮৭০/২০০৪-০৫/ ৫৭০৪

তারিখঃ ০২/১১/২০২১

অফিস আদেশ

যেহেতু, গত ২৮/১০/২০২১ খ্রি. তারিখের "দৈনিক রাজশাহী সংবাদ" পত্রিকায় প্রকাশিত খবর এবং নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১, রাজশাহী এর আদালতের নারী শিশু মামলা নম্বর ২৫২/২১ এর ২৫/১০/২০২১ খ্রি. তারিখের ০২ নং আদেশ মাধ্যমে জানা যায় যে, জনাব মোঃ রায়হান ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ), নবাবগঞ্জ জোন (দিনাজপুর)-কে (সাবেক দুর্গাপুর জোন) নারী ও শিশু নির্যাতন-২৫২/২১ নং মামলায় জামিনের আবেদন নাকচ করে জেল হাজতে প্রেরণের আদেশ দেয়া হয় ; এবং

- ২। যেহেতু, বিএমডিএ কর্মকর্তা/কর্মচারী চাকুরী বিধিমালা/৯৩ এর ৪৩(৪) উপ-বিধি এবং বিএসআর পার্ট-১ এর বিধি-৭৩ এর নোট (২) এর বর্ণনা মোতাবেক ফৌজদারী অপরাধে কেউ গ্রেফতার হয়ে জেল হাজতে গেলে, যে দিন তিনি জেল হাজতে গেলেন সে দিন হতে সাময়িক বরখাস্ত হয়েছেন বলে গণ্য হবেন ; এবং
- ৩। যেহেতু, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১, রাজশাহী এর আদালতে ২৫২/২১ নং মামলার বিপরীতে বিচারক (জেলা ও দায়রা জজ) জনাব মোঃ আবুল মনসুর মিঞা কর্তৃক আদেশ দিয়ে জনাব মোঃ রায়হান ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী-কে ২৫/১০/২০২১ খ্রি. তারিখে জেল হাজতে প্রেরণ করা হয়েছে। তাই তাঁকে ফৌজদারী অপরাধে অপরাধী হিসেবে চিহ্নিত করা হলো। যা বিএমডিএর কর্মকর্তা/কর্মচারী চাকুরী বিধিমালা/৯৩ এর ৪৩(৪) উপ-বিধি এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা/২০১৮ এর ১২ বিধি মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ।
- ৪। সেহেতু, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ)র কর্মকর্তা/কর্মচারী চাকুরী বিধিমালা/৯৩ এর ৪৩(৪) উপ-বিধি এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা/২০১৮ এর ১২ (১)(২) বিধি মোতাবেক জনাব মোঃ রায়হান ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী, বিএমডিএ, নবাবগঞ্জ জোন (দিনাজপুর)-কে ২৫/১০/২০২১ খ্রি. তারিখে জেল হাজতে প্রেরণের দিন হতে কর্তৃপক্ষের চাকুরী থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। ফৌজদারী অপরাধের দায়ে সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি শুধুমাত্র জীবন নির্বাহ ভাতা প্রাপ্য হবেন এবং বিচার কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত বিধি-৭১ এর বিধান মোতাবেক তিনি যথারীতি জীবন নির্বাহ ভাতা পাবেন।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হ'ল।

(মোঃ ইকবাল হোসেন)

সচিব (ভারপ্রাপ্ত)

টেলিঃ-০৭২১-৭৬১৩২৭

ই-মেইলঃ admin@bmda.gov.bd

তারিখঃ ০২/১১/২০২১

নম্বর-বিএমডিএ/নিপঃ/প্রশাঃ/ব্যঃ নথি/৮৭০/২০০৪-০৫/ ৫৭০৪

অনুশিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল :

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বিএমডিএ, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিএমডিএ, রংপুর/ঠাকুরগাঁও সার্কেল।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিএমডিএ, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৪। প্রকল্প পরিচালক, (সকল)।
- ৫। উপ-ব্যবস্থাপক(কৃষি), বিএমডিএ, রাজশাহী।
- ৬। নির্বাহী প্রকৌশলী, বিএমডিএ, (সকল)।
- ৭। মনিটরিং অফিসার, বিএমডিএ, রাজশাহী।
- ৮। হিসাব রক্ষণ অফিসার-১, বিএমডিএ, রাজশাহী।
- ৯। সহকারী প্রকৌশলী/সহকারী ব্যবস্থাপক(কৃষি), বিএমডিএ, জোন (সকল)।
- ১০। অডিট অফিসার/পিআরও, বিএমডিএ, রাজশাহী।
- ১১। জনাব মোঃ রায়হান ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী, বিএমডিএ, নবাবগঞ্জ জোন, দিনাজপুর।
- ১২। ব্যক্তিগত নথি/প্রধান নথি।

সদয় অবগতির জন্য অনুশিপি :

- ১। চেয়ারম্যান, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
- ২। নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।